গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২৪.০৬.০০২.২০১৬(অংশ)- 206(৫০)

তারিখঃ ২৩ আশ্বিন ১৪২৪ / ০৮ অক্টোবর ২০১৭

**বিষয়ঃ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

সেপ্টেম্বর-২০১৭ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য, কার্যবিবরণী এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে Upload করা হয়েছে। সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি (পেন্ডিং বিষয়সহ) আগামী ২০.১০.২০১৭ খ্রি. তারিখের মধ্যে সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণিতমতে।

08.10.17.
(শিরীনা দেলহর)
যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ)
ফোনঃ ৯৫৪০১২১
ই-মেইলঃ dscoordination@mofood.gov.bd

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(সংগ্রহ ও সরবরাহ),খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা। সংযুক্ত কার্যবিবরণী।
৩। মহা-পরিচালক,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৪। যুগ্ম-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত মহা-পরিচালক, খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৬। মহা-পরিচালক,এফপিএমইউ,খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
৭। আইন উপদেষ্টা,খাদ্য অধিদপ্তর। সংযুক্ত কার্যবিবরণী।
৮। পরিচালক (প্রশাসন /সববি/সংগ্রহ/চসসা/আইডিটিএস/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ), খাদ্য অধিদপ্তর।
৯। উপ-সচিব (সকল)/ উপ-প্রধান (পরিকল্পনা কোষ), খাদ্য মন্ত্রণালয়।
১০। পরিচালক (খানিপু/ উৎপাদন/ নীতি/ বাজার), এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
১১। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ২৯৯ নং দক্ষিণ জুরাইন, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব,খাদ্য মন্ত্রণালয়। সংযুক্ত কার্যবিবরণী।
১৪। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়,১৬,আব্দুল গণি রোড,ঢাকা।
১৬। সিস্টেম এনালিষ্ট, খাদ্য অধিদপ্তর।
১৭। অতিরিক্ত পরিচালক (অভ্যন্তরীণ নিরীক্ষা), খাদ্য অধিদপ্তর।
১৮। সহকারী প্রকৌশলী (পরিকল্পনা কোষ),খাদ্য মন্ত্রণালয়।
১৯। বাজেট অফিসার,খাদ্য মন্ত্রণালয়।
২০। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয়। ২৬.০৯.২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো। সংযুক্ত কার্যবিবরণী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

**সেপ্টেম্বর-২০১৭ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ কায়কোবাদ হোসেন
সচিব
সভার স্থানঃ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময়ঃ ২৬.০৯.২০১৭ খ্রি. দুপুর ২-৩০ মিনিট

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'তে সন্নিবেশ করা আছে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আগস্ট-২০১৭ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। আগস্ট-২০১৭ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির তথ্যের ভিত্তিতে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

## খাদ্য মন্ত্রণালয়

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. খাদ্য মন্ত্রণলয়ের শূন্য পদে জনবল নিয়োগ | যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভায় জানান যে, জনবল প্রমিতকরণে সৃজিত ১৭টি পদসহ ৩য় ও ৪র্থ শ্রণির মোট শূন্য পদের সংখ্যা ২৬টি। ২৫.০৭.২০১৭ খ্রি. তারিখে নিয়োগ কমিটির ১ম সভা এবং ০১.০৮.২০১৭ খ্রি. তারিখে ২য় সভা অনুষ্ঠিত হয়েছে। ২য় সভায় জেলা কোটা নির্ধারণ করা হয়েছে। টেলিটকের সাথে চলতি মাসে চুক্তি স্বাক্ষরে হবে মর্মে যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভাকে অবহিত করেন। | টেলিটকের সাথে এ মাসেই চুক্তি সম্পন্ন করে নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ২. ইন হাউজ প্রশিক্ষণ | সভায় জানানো হয় যে, APA তে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারিগণকে ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। ই-ফাইল বিষয়ে বিশেষ প্রশিক্ষণসহ আগস্ট-২০১৭ মাসে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির ৪ (চার) ক্যাটাগরীতে মোট ১৮৩ জন কর্মকর্তা/ কর্মচারিকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইন-হাউজ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে নির্দেশ দেয়া হয়। | ইন-হাউজ/ জনঘন্টা বিবেচনায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। | যুগ্ম-সচিব (প্র-১), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. শাখা পরিদর্শন | আগস্ট-২০১৭ মাসে সরবরাহ-১ এবং অভ্যঃ সংগ্রহ অধিশাখা পরিদর্শন করা হয়েছে। সিদ্ধান্ত/ নির্দেশমত পরিদর্শন না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। প্রতিটি শাখা পরিদর্শনপূর্বক পরিদর্শনকালীন প্রাপ্ত অনিয়ম/ত্রুটিসমূহ সংশোধনের লক্ষ্যে শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া, সচিবালয় নির্দেশমালা-১৯৭ অনুযায়ী রিপোর্ট দাখিল করার বিষয়ে যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় আলোকপাত করলে সভার সকল কর্মকর্তা তাতে একমত পোষণ করে পরিদর্শনে চিহ্নিত ত্রুটিসমূহ এবং ত্রুটি সমাধানের জন্য সম্ভাব্য সুপারিশের একটি সার-সংক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | (১) নিয়মিত শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>(২) সচিবালয় নির্দেশমালা ১৯৭ অনুসরণ করতে হবে। | সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |

<table>
<tr>
<td>৪. ই-ফাইলিং</td>
<td>সভায় আলোচনা হয় যে, ই-ফাইলিং এ কাজের পরিমাণ সামান্য বৃদ্ধি পেয়ে মন্ত্রণালয়/ বিভাগসমূহের মধ্যে বর্তমানে খাদ্য মন্ত্রণালয়ের অবস্থান ১৮তম। ই-ফাইল পদ্ধতিতে কাজের পরিমাণ হ্রাস পাওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। বিস্তারিত আলোচনাশেষে সকল ক্ষেত্রে ই-ফাইলিং ব্যবহার বৃদ্ধি এবং প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন।</td>
<td>প্রত্যেক অধিশাখা/ শাখায় ই-ফাইলিং ব্যবহার নিশ্চিত করতে হবে।</td>
<td>সকল উইং প্রধান, অধিশাখা ও শাখা প্রধান, খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৫. অডিট আপত্তি নিষ্পত্তি</td>
<td>যুগ্ম-সচিব (অডিট) সভায় জানান যে, আগস্ট-২০১৭ মাসে অগ্রিম আপত্তি নিষ্পত্তির কোন সভা অনুষ্ঠিত হয়নি। ১২টি অনুচ্ছেদের ব্রডসিট জবাব প্রেরণ করা হয়েছে। আগস্ট, ২০১৭ মাসে কোন ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট ব্যাখ্যা চাওয়ার জন্য বলেন। যুগ্ম-সচিব (অডিট) সভাকে জানান যে, নভেম্বর, ২০১৬ মাসে অনুষ্ঠিত সভার সুপারিশমত সম্প্রতি ২টি আপত্তির নিস্পত্তি আদেশ জারি করা হয়েছে এবং ১টি আপত্তি সংযোজিত হয়ে অবশিষ্ট খসড়া আপত্তি (৭৬৩-২=৭৬১+১)=৭৬২টি স্থিতি হয়েছে। অডিট অধিশাখা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী অগ্রিম, খসড়া ও সংকলনভূক্ত অডিটের তথ্য নিম্নে দেখানো হলোঃ<br>
(ক) অগ্রিম
<table>
<tr><th>বিবরণ</th><th>জুলাই- ২০১৭</th><th>আগস্ট-২০১৭</th></tr>
<tr><td>প্রারম্ভিক আপত্তি -----</td><td>২৮১৯</td><td>২৮৩৪</td></tr>
<tr><td>সংযোজিত আপত্তি ---</td><td>১৭</td><td>৩২</td></tr>
<tr><td>মোট আপত্তি ---</td><td>২৮৩৬</td><td>২৮৬৬</td></tr>
<tr><td>নিস্পত্তিকৃত (জারিপত্র)</td><td>০১</td><td>২৫</td></tr>
<tr><td>অবশিষ্ট আপত্তি -----</td><td>২৮৩৪</td><td>২৮৪১</td></tr>
<tr><td>ব্রডশিট জবাব -----</td><td>২৩</td><td>১২</td></tr>
<tr><td>ত্রিপক্ষীয় সভা -----</td><td>০৩</td><td>০০</td></tr>
<tr><td>আলোচিত আপত্তি ---</td><td>৭৬</td><td>০০</td></tr>
<tr><td>নিস্পত্তির সুপারিশ ---</td><td>৬৪</td><td>০০</td></tr>
</table>
(খ) খসড়া-৭৬২টি<br>
(গ) সংকলনভূক্ত-৫৮০টি</td>
<td>সভা অনুষ্ঠানে ব্যর্থ হওয়ায় উক্ত শাখার সংশ্লিষ্ট যুগ্ম-সচিব এবং উপ-সচিবের নিকট ব্যাখ্যা চেতে হবে।</td>
<td>যুগ্ম-সচিব (বাজেট ও অডিট) এবং যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় ও মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর</td>
</tr>
<tr>
<td>৬. পরিস্কার পরিচ্ছন্নতা</td>
<td>জুলাই, ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উপ-সচিব (সেবা) কর্তৃক নির্বাহী প্রকৌশলী ইডেন ভবন, গণপূর্ত বিভাগকে কমন ওয়াশরুম এবং অন্যান্য কক্ষের স্পেসসমূহ পরিস্কারের জন্য অনুরোধ করা হয়েছে। ওয়াশরুমসমূহ পরিস্কারকরণে কাঙ্খিতমানে উন্নীত হয়নি। ওয়াশরুমসহ কমোন স্পেসসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। ভবনের নির্বাহী প্রকৌশলীর সাথে সচিব মহোদয় ব্যক্তিগতভাবে আলোচনা করবেন মর্মে সভায় জানানো হয়।</td>
<td>ওয়াশরুমসহ কমোন স্পেসসমূহ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপ-সচিব (সেবা), খাদ্য মন্ত্রণালয়</td>
</tr>
<tr>
<td>৭. অভিযোগ ব্যবস্থাপনা</td>
<td>খাদ্য মন্ত্রণালয় এবং খাদ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিভিন্ন কর্মকর্তা/ ব্যক্তির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের তথ্য নিম্নরুপঃ
<table>
<tr><th>জের</th><th>বর্তমান মাসে প্রাপ্ত</th><th>মোট অভিযোগ</th><th>নিস্পত্তির সংখ্যা</th><th>অনিষ্পন্ন সংখ্যা</th><th>তিন মাসের উপরে</th><th>ছয় মাসের উপরে</th><th>তিন মাসের কম সময়ে অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা</th></tr>
<tr><td colspan="8">খাদ্য মন্ত্রণালয়</td></tr>
<tr><td>১৯</td><td>-</td><td>১৯</td><td>০৮</td><td>১১</td><td>০২</td><td>০৮</td><td>০১</td></tr>
<tr><td colspan="8">খাদ্য অধিদপ্তর</td></tr>
<tr><td>৪৫</td><td>-</td><td>৪৫</td><td>৩৬</td><td>০৯</td><td>০৩</td><td>০৬</td><td>-</td></tr>
</table></td>
<td>অনিষ্পন্ন অভিযোগের বিস্তারিত তথ্য মাসিক সভায় সঠিকভাবে উপস্থাপন অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপ-সচিব (তদন্ত), খাদ্য মন্ত্রণালয় ও পরিচালক (প্রশাঃ), খাদ্য অধিদপ্তর</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | প্রাপ্ত অভিযোগ যথাযথভাবে তদন্তপূর্বক সঠিক তথ্য সভায় উপস্থাপনের জন্য নির্দেশ দেয়া হয়। | | |
| ৮. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়নের নির্দেশের আলোকে ফরমেট অনুযায়ী নৈতিকতা কমিটির ১ম সভায় কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। ইতোমধ্যে, কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সচিব নির্দেশ প্রদান করেন। | প্রণীত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ৯. APA ২০১৭-২০১৮ বাস্তবায়ন | সভায় জানানো হয়ে যে, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহসহ বেশ কয়েকটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও সূচকের মান পূনবির্ন্যাস করে চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টারের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধিত APA প্রেরণ করা হয়েছে। | প্রতি কোয়ার্টারে সঠিক সময় মন্ত্রিপরিষদ বিভাগে সংশোধিত APA প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ), প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় |
| ১০. **আইন ভাষান্তর** | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের বিদ্যমান ২টি আইন Out-Sourcing এর মাধ্যমে খসড়া ভাষান্তর সম্পন্ন করে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা প্রমিতকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের 'বাংলা ভাষা বাস্তবায়ন কোষ' এ প্রেরণ করা হয়েছে। বাবাকো থেকে প্রমিতীকরণ করে এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বিষয়টি পরবর্তী কার্যক্রমের জন্য লেজিসলেটিভ বিষয়ক বিভাগে প্রেরণ করা হবে মর্মে যুগ্ম-সচিব (প্রশাঃ-১) সভাকে অবহিত করেন। | আইন ২টি ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে পরবর্তী ব্যবস্থা গ্রহণের অনুরোধ করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| ১১. ইনোভেশন কার্যক্রম | যুগ্ম-সচিব (সংগ্রহ) সভায় জানান যে, এ মন্ত্রণালয়ে ইনোভেশনের জন্য গত ১১.০৪.২০১৭ তারিখে কমিটি পূন:গঠনের পর ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। আগামী ডিসেম্বর, ২০১৭ মাসে কক্সবাজারে ৩০ জন কর্মকর্তার ৫দিন ব্যাপী উদ্ভাবনী প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে মর্মে সভায় যুগ্ম-সচিব (প্রশাঃ-১) জানান। | উদ্ভাবনী প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-১ | সভায় আলোচনা হয় যে, সরকারি নির্দেশ অনুযায় কর্মকর্তাগণ মাসিক বেতন বিলের মাধ্যমে সংবাৎসরিক সম্ভাব্য প্রদেয় ট্যাক্স এর একটি অংশ পরিশোধ করে থাকেন। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৭-২০১৮ সালের অগ্রিম ট্যাক্স রিটার্ণ দাখিলের জন্য পরিশোধিত ট্যাক্স এর প্রত্যয়ন প্রাপ্তির জন্য প্রত্যাশিত 'ছক' (ফরমেট) সিএও এর নিকট প্রেরণ করা হলে তিনি সকল কর্মকর্তার নিকট প্রত্যয়ন করে ফেরত প্রদান করেছেন। | বিষয়টি নিষ্পত্তি হিসেবে আগামী সভার কার্যপত্র থেকে বাদ যাবে। | -- |
| বিবিধ-২ | খাদ্য মন্ত্রণালয়ের কর্মবন্টন পুনর্বিন্যাসের জন্য গঠিত কমিটির আহবায়ক ইতোমধ্যে পিআরএল-এ গমণ করায় কমিটি পূণঃগঠন করা হয়। কমিটির উপর অর্পিত দায়িত্ব দ্রুত সম্পন্ন করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | কমিটি দ্রুত রিপোর্ট প্রদান করতে হবে। | যুগ্ম-সচিব (প্রশাঃ-১), খাদ্য মন্ত্রণালয় |
| বিবিধ-৩ | মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিতকরণের জন্য সচিব সভায় নির্দেশনা প্রদান করেন। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার বাস্তবায়ন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ত্রৈমাসিক প্রতিবেদন, মাসিক কর্মকান্ডের প্রতিবেদন, জাতীয় সংসদের প্রশ্নোত্তর এবং স্থায়ী কমিটির সভার কার্যপত্র যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সচিব মহোদয় নির্দেশ প্রদান করেন। | সকল প্রতিবেদন যথা-সময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, চেয়ারম্যান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, মহাপরিচালক, এফপিএমইউ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/ অধিশাখা |

| | খাদ্য অধিদপ্তর | | |
|---|---|---|---|
| ১. শূন্য পদে নিয়োগ ও নিয়োগ বিধিমালা চূড়ান্তকরণ | সভায় জানানো হয় যে, খাদ্য অধিদপ্তরের ২য় থেকে ২০তম গ্রেডে মোট ৪৪১৭টি পদ শূন্য রয়েছে। নিয়োগ বিধিমালায় বাদ পড়া ৪টি পদ অন্তর্ভূক্তিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটির সর্বশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ বিধিমালা সচিব কমিটিতে উপস্থাপনের জন্য চেকলিস্ট অনুযায়ী তথ্যাদির ৩১ সেট এ মন্ত্রণালয়ে পাওয়া গেছে। এ সকল রেকর্ডপত্র সত্যায়ন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করা সম্ভব হবে মর্মে উপ-সচিব (প্রশাঃ-২) সভাকে অবহিত করেন। চেকলিষ্ট অনুযায়ী নিয়োগ বিধিমালার তথ্যাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য সচিব নির্দেশ প্রদান করেন। | চেকলিষ্ট অনুযায়ী নিয়োগ বিধিমালার তথ্যাদি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে | উপ-সচিব (প্র-২), খাদ্য মন্ত্রণালয় |
| ২.অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ | **বোরো সংগ্রহ-২০১৭**<br>সভায় অবহিত করা হয় যে, বোরো-২০১৭ মৌসুমে এফপিএমসি'র সভার সিদ্ধান্ত অনুযায়ী ধান সংগ্রহ লক্ষ্যমাত্রা ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন, সিদ্ধ চাল ৭.০০ (সাত) লাখ মেট্রিক টন এবং আতপ চাল ১.০০ (এক) মেট্রিক টন। ধানের সংগ্রহ মূল্য ২৪/-, সিদ্ধ চাল ৩৪/- ও আতপ চালের মূল্য ৩৩/-টাকা। সভায় জানানো হয় যে, ১৯.০৯.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত মিলারগণের সাথে প্রায় ২ লাখ ৬২ হাজার মেট্রিক টন সিদ্ধ এবং ২৪ হাজার ৩৪ মেট্রিক টন আতপ চালের চুক্তি করা হয়। এ যাবত ২ লাখ ৬৭ হাজার মেট্রিক টন (সিদ্ধ ও আতপ) চাল সংগ্রহ করা হয়েছে। মিলারগণ কর্তৃক চাল সরবরাহ অব্যাহত আছে। এছাড়া, লক্ষ্যমাত্রার বিপরীতে ৪ হাজার ৭০২ মেট্রিক টন ধান সংগৃহীত হয়েছে মর্মে সভায় জানানো হয়। বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্বক তৎপর থাকার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়। | বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্বক তৎপর থাকতে হবে | মহাপরিচালক ও পরিচালক (সংগ্রহ), খাদ্য অধিদপ্তর |
| ৩. খাদ্যশস্য বিতরণ ও বাজার দর মনিটরিং | **(ক) ওএমএস খাতে চাল ও আটা বিক্রয়**<br>সভায় জানানো হয় যে, ঢাকা মহানগর এবং ঢাকা, নারায়ণগঞ্জ, নরসিংদী ও গাজীপুর জেলার শ্রমঘণ এলাকায় ওএমএস খাতে আটা বিক্রয় অব্যাহত আছে। ২৫১টি কেন্দ্রের প্রতিটিতে প্রতিদিন ০২ (দুই) মেট্রিক টন অর্থাৎ ১৫,৯৮৬ মেট্রিক টন আটা বিক্রয় করা হচ্ছে। যার বিপরীতে ফলিত আটার পরিমাণ ১২,১৫৪ মেট্রিক টন। এছাড়া, সুনামগঞ্জ, নেত্রকোণা ও --কিশোরগঞ্জ জেলায় ১৭৯টি ডিলারের মধ্যে ওএমএস খাতে চাল বিক্রয় করা হচ্ছে। ওএমএস কার্যক্রমের উপর যথাযথ নজরদারি নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ দেয়া হয়। | যথাযথ নজরদারি রেখে ওএমএস খাতে আটা বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে | মহাপরিচালক / পরিচালক (সববি), খাদ্য অধিদপ্তর |
| | **(খ) চাল ও আটার বাজারমূল্য মনিটরিং**<br>সভাকে অবহিত করা হয় যে, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিটের মাধ্যমে ঢাকা মহানগরের চাল ও আটার বাজার দর মনিটরিং অব্যাহত আছে। প্রাপ্ত বাজার দর হতে দেখা যায় যে, ঢাকা মহানগরের পাইকারি দরে প্রতিকেজি চাল ৪০-৪২ টাকা এবং খুচরা প্রতিকেজি ৪৩-৪৫ টাকা। খোলা আটার গড় বাজার দর প্রতিকেজি ২৪-২৫ টাকা। | ঢাকা মহানগরের বাজারদর নিয়মিত পর্যবেক্ষণপূর্বক মনিটরিং অব্যহত রাখতে হবে। | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট |
| | বিভাগীয়/ জেলা ও উপজেলার বাজার দর অনুযায়ী খাদ্য অধিদপ্তরের মাঠ পর্যায় থেকে নিয়মিত মনিটরিং করা হয়। মনিটরিং এর আওতাধীন এ গড় বাজার দর খুচরা প্রতিকেজি চাল ৩৯.৩৮ টাকা এবং আটা ২৪.২৫ টাকা। | খাদ্য অধিদপ্তর কর্তৃক মনিটরিং এ প্রাপ্ত বাজার দর সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৪.রাজস্ব বাজেটের আওতায় সংস্কার/ মেরামত, ওঅন্যান্য নির্মাণ | **গুদাম মেরামত**<br>পরিচালক (আইডিটিএস) কর্তৃক প্রেরিত তথ্য হতে দেখা যায় যে, রাজস্ব বাজেটে মেরামত/ সংস্কার এর আওতাধীন ৬২টি কাজের মধ্যে ৫৯টি সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩টি কাজের সার্বিক অগ্রগতি ৮২%। এ সকল কাজের আওতাধীন ১২২টি গুদামের মধ্যে ১১৪টি গুদামের মেরামত/ সংস্কার সমাপ্ত হয়েছে। অন্তর্ভুক্ত গুদামের ধারণক্ষমতা ৭৫ হাজার ৫৫০ মেট্রিক টন। অবশিষ্ট ৮টি গুদামের কাজ দ্রুত শেষ করার জন্য সভায় নির্দেশ দেয়া হয়। | মেরামতের আওতাধীন অবশিষ্ট ৮টি গুদামের মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |
| | **অন্যান্য নতুন নির্মাণ**<br>২০১৬-২০১৭ অর্থ বছরের (২০১৫-২০১৬ সালের সংশোধিত) নির্মাণ কাজ মোট ১৪টির মধ্যে ৯টি কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সভায় আলোচনা হয় যে, অর্থ বছরের মধ্যে নতুন নির্মাণ কাজ শেষ না হওয়ায় বাজেট প্রভিশন অনুযায়ী বরাদ্দ সাপেক্ষে অবশিষ্ট কাজ ২০১৭-২০১৮ সালে সম্পন্ন করা যাবে। | অবশিষ্ট ৫টি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক ও পরিচালক (আইডিটিএস), খাদ্য অধিদপ্তর |
| ৫. মামলা সম্পর্কিত | সভায় জানানো হয় যে, মামলার তথ্য জেলা অফিস গুলোতে সফট ওয়ারে নিয়মিতভাবে মামলার হালনাগাদ তথ্য সফট ওয়্যারে আপলোড করা হচ্ছে। | মামলার তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | মহাপরিচালক ও আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর |
| | **বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** | | |
| ১. বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কার্যক্রম | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান জানান যে, ২রা ফেব্রুয়ারিকে নিরাপদ খাদ্য দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে। আগামী ২ ফেব্রুয়ারিতে দিবসটি সফল করে তোলার জন্য সর্বাত্নক কাজ করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিত থাকার বিষয়টি নিয়ে কাজ চলছে। আশা করা যায় দিবসটি যথাযথভাবে উদযাপন করা হলে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের গুরুত্ব আরো অনেকাংশে বৃদ্ধি পাবে। | নিরাপদ খাদ্য দিবস সফলভাবে সম্পন্ন করার যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| ২. জনবল কাঠামো চূড়ান্তকরণ ও অন্যান্য বিষয় | (ক) সভায় আলোচনা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রী জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সৃজিত ৩৬৫টি পদ সৃজনে সানুগ্রহ অনুমোদন করেছেন। ইতোমধ্যে জিও জারি করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | -- | উপ-সচিব (প্রশাঃ-২), খাদ্য মন্ত্রণালয় |
| | **(খ) টিভি ফিলার/স্পটের স্ক্রিপ্টের ডামি চিত্র অনুমোদনঃ**<br>অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ) সভায় জানান যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃক্ষের জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত টিভি ফিলার/স্পট যাচাই-বাছাই সম্পন্ন হয়েছে। সহসা সুপারিশসহ প্রতিবেদন দাখিল করা হবে। | টিভি ফিলার/স্পট এর বিষয়ে সহসা সুপারিশসহ প্রতিবেদন দাখিল করতে হবে | অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), খাদ্য মন্ত্রণালয় |
| ৩. পেন্ডিং বিষয় | সভায় আলোচনা হয় যে, খাদ্য অধিদপ্তর হতে প্রেরিত পেন্ডিং তালিকা প্রয়ণন যথাযথ হয়নি মর্মে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান। এ ছাড়া সচিবালয় নির্দেশমালার ক্রোড়পত্র ২৬ এবং ২৭ অনুসরণ করে পেন্ডিং তালিকা প্রেরণের জন্য সচিব নিদেশ প্রদান করেন। | মন্ত্রণালয়ের অধিশাখা/ শাখায় সচিবালয় নির্দেশমালার ক্রোড়পত্র ২৬ এবং ২৭ নং অনুসরণে পেন্ডিং তালিকা উপস্থাপন করতে হবে | মন্ত্রণালয়ের সকল শাখা/ অধিশাখা, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কায়কোবাদ হোসেন)
সচিব

মোঃ কায়কোবাদ হোসেন
সচিব
খাদ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার